Online

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ...মা/প্রশা/ নিম্ন / ২৩৩৫ ... তারিখ ঃ ২৩/০৮/2022

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ ঃ** উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন ফ্রিডম স্কুল এন্ড কলেজ নামে নতুন বিদ্যালয় স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৩৩৫ তারিখ ঃ ০৫ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন **ফ্রিডম স্কুল এন্ড কলেজ** স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

২৩/৮/২২

**(প্রফেসর মোঃ হাবিবুর রহমান)**
আই ডি নং- ৪৫৬০
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)

## বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান

## পরিদর্শন ছক

বিদ্যালয়ের নাম (প্রস্তাবিত) : **ফ্রিডম স্কুল এন্ড কলেজ**

বিদ্যালয়ের ঠিকানা : ডাকঘর : শিবগঞ্জ, উপজেলা : শিবগঞ্জ, জেলা : চাঁপাইনবাবগঞ্জ

বিদ্যালয়ের ই-মেইল ঠিকানা : sajib.freadom2018@gmail.com

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : হোসনে আরা আরজু
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

পরিদর্শনের তারিখ : ১৮/০৯/২০২১ খ্রি:

| ক্র: নং | বিষয় | নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ | বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল) | | মফস্বল এলাকায় অবস্থিত | শর্ত পূরণকৃত |
| ২. | বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব | | দিক / বিদ্যালয়ের নাম / প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব:<br>উত্তর — সোভান উচ্চ বিদ্যালয় — ৩.৫০ কি: মি:<br>দক্ষিণ — চরপাঁকা উচ্চ বিদ্যালয় — ৮ কি: মি:<br>পূর্ব — উজিরপুর বাবুপুর উচ্চ বিদ্যালয় — ৩.৭৫ কি: মি:<br>পশ্চিম — হাসানপুর লক্ষিপুর পাঁকা উচ্চ বিদ্যালয় — ৪ কি: মি:<br>উপজেলা নির্বাহী অফিসারের সনদ মূলে, তারিখ- ০৫/১২/২০২১ খ্রি. | শর্ত পূরণকৃত (মফস্বল এলাকায় অবস্থিত) |
| ৩. | প্রস্তাবিত উপজেলার মোট জনসংখ্যা | | চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার মোট জনসংখ্যা- ৫,৯১,১৭৮ জন (২০১১ সালের আদমশুমারী অনুযায়ী) উপজেলা পরিসংখ্যান অফিসারের সনদ মূলে, তারিখ- ২৭/১০/২০২১ খ্রি. | শর্ত পূরণকৃত |
| ৪. | প্রস্তাবিত উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা | | ৭৯ টি<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সনদ মূলে, তারিখ- ০৯/১১/২০২১ খ্রি. | শর্ত পূরণকৃত |
| ৫. | প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | | সোভার উচ্চ বিদ্যালয়- ৩.৫০ কিঃ মিঃ উপজেলা নির্বাহী অফিসারের সনদমূলে, তারিখ- ০৫/১২/২০২১ খ্রি. | শর্ত পূরণকৃত |
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | | অতিরিক্ত ১৯ টি বিদ্যালয় আছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সনদ মূলে, তারিখ- ০৯/১১/২০২১ খ্রি: | শর্ত অপূরণকৃত |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ১০৭ শতক (১.০৭০০ একর) জমি ও খাজনা খারিজ আছে। নির্ধারিত জমিতে বিদ্যালয়ের নিজস্ব ভবন নাই। একটি তিনতলা বিশিষ্ট বাড়ী ভাড়া নিয়ে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান করানো হচ্ছে। | শর্ত পূরণকৃত (কপি সংযুক্ত) |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | জমি প্রাপ্তির উৎস | | দানসূত্রে প্রাপ্ত | শর্ত পূরণকৃত |
| ৯. | উদ্যোক্তার পরিচয় ও সমাজ সেবায় অবদান | | প্রস্তাবিত বিদ্যালয়ের উদ্যোক্তা জনাব সজীব আহমেদ ও মোঃ অহিদুজ্জামান। রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি লাভকারী এই তরুণ উদ্যোক্তাদের "সোনালী ক্লিনিক এ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার", আমদানি রপ্তানি সহ নানা মুখী ব্যবসা রয়েছে। COVID-19 এর উদ্ভূত পরিস্থিতিতে এবং বন্যা কবলিত মানুষের মাঝে চাল-ডালসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের ১২০০ (এক হাজার দুইশত) ব্যক্তির মধ্যে ত্রাণ সামগ্রী নিজস্ব উদ্যোগে বিতরণ করেছেন। এছাড়া তাদের নিজস্ব ক্লিনিকের মাধ্যমে গরীব, অসহায় ও দুস্থ রোগীদের নাম মাত্র মূল্যে স্বাস্থ্য সেবা দিয়ে আসছেন এবং নির্যাতিত নারীদের মাঝে আইনী সহায়তা দান, বাল্য বিবাহ, যৌতুক প্রথা, নারী-নির্যাতন ও মাদকের বিরুদ্ধে জনসচেতনতামূলক নানামুখী কর্মসূচী পালন করে থাকেন। | শর্ত পূরণকৃত |
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | প্রস্তাবিত বিদ্যালয় এলাকাটি চাঁপাইনবাবগঞ্জ জেলার অন্তর্গত প্রাচীন গৌড় জনপদের রাজধানী হিসেবে খ্যাত ঐতিহ্যবাহী শিবগঞ্জ উপজেলা সদরের অনতিদূরে অবস্থিত। সর্বোচ্চ গুণগত মানসম্মত শিক্ষা প্রদানের মাধ্যমে এই উপজেলার অতীত ঐতিহ্য ফিরিয়ে আনতে একটা অত্যাধুনিক মানের শিক্ষা প্রতিষ্ঠানের কোনো বিকল্প নেই। সেই প্রাসঙ্গিকতা থেকে আধুনিক, উন্নত, প্রগতিশীল, নৈতিক মানসম্পন্ন সুনাগরিক. সৃষ্টির লক্ষ্যকে সামনে রেখে প্রস্তাবিত এই বিদ্যালয়ের আবশ্যকতা আছে বলে মনে করি। | শর্ত পূরণকৃত |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | উদ্যোক্তার নানামুখী ব্যবসা থেকে উপার্জিত অর্থের একটা নির্দিষ্ট অংশ এবং স্থানীয় কিছু বিদ্যুৎসাহী ব্যক্তির স্ব-প্রণোদিত দান থেকে স্কুল পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান করা হয়। | শর্ত পূরণকৃত |

১২. পরিদর্শনকারী কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৫৩.১৭.৩৩৫ তারিখ ঃ ০৫ নভেম্বর ২০২০ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১৩/০৯/২০২১ তারিখের আদেশে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন **"ফ্রিডম স্কুল এন্ড কলেজ"** নামে একটি নতুন বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা যাচাই এর লক্ষ্যে ১৮/০৯/২০২১ তারিখে সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় নির্ধারিত জমিতে বিদ্যালয়ের নিজস্ব ভবন নাই। একটি তিনতলা বিশিষ্ট বাড়ী ভাড়া নিয়ে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদান করানো হচ্ছে। পরিদর্শনকালে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। প্রতিষ্ঠান এলাকায় মূলতঃ শ্রমজীবী মানুষের বসবাস। তাদের সন্তানদের পড়ালেখার জন্য নিকটবর্তী কোন বিদ্যালয় নেই। সেকারণে প্রস্তাবিত বিদ্যালয়টি স্থাপনের যৌক্তিকতা আছে বলে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"ফ্রিডম স্কুল এন্ড কলেজ"** স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

৩০/১২/২০২১

(হোসনে আরা আরজু)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।